**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১৪

জ্যৈষ্ঠ ২৪, ১৪২৮
তারিখ : -----------------
জুন ০৭, ২০২১

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

বিদেশে পাট ও পাটপণ্য রপ্তানির ক্ষেত্রে আহরিত সরকারি রাজস্ব ফি আদায়ের চালান পাট অধিদপ্তরে আবশ্যিকভাবে দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পাট অধিদপ্তরের এপ্রিল ০৭, ২০২১ তারিখের ২৪.০১.০০০০.০০৬.৮৫.০০২.১৯-২৮ নম্বর (কপি সংযুক্ত) স্মারকের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য পত্রে জানানো হয়েছে যে, সরকারের রাজস্ব আদায়ের কোড ''৬৫ কর ব্যতীত বিবিধ প্রাপ্তি" এর অধীনে পাট ও পাটপণ্য পরিদর্শন ফি নির্ধারিত ১-৪১৩৫-০০০১-২০১৫ কোডে জমা প্রদানপূর্বক চালানের কপি নিয়মিত ও আবশ্যিকভাবে পাট অধিদপ্তরে প্রেরণের জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা রয়েছে। কিন্তু উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসৃত হচ্ছে না এবং রাজস্ব আদায়ের চালান পাট অধিদপ্তরে যথারীতি পাওয়া যাচ্ছে না মর্মে বলা হয়েছে।

০২। পাট মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে অর্থ মন্ত্রণালয়ের জুলাই ০১, ১৯৯৫ তারিখের অম/ব্যাবি/ব্যাঃ নী-৭/কাঁচাপা-১৬/৯৫/১৯৭ নম্বর পত্রের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তৎকালীন বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন বিভাগ কর্তৃক এফই সার্কুলার নং ১৯, তারিখ জুলাই ০৬, ১৯৯৫ (কপি সংযুক্ত) জারি করা হয়।

বর্ণিত প্রেক্ষাপটে পাট ও পাটপণ্য পরিদর্শন ফি বাবদ প্রতি মাসে জমাকৃত অর্থ ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের ০৭ দিনের মধ্যে পাট অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে। একই সাথে পাট অধিদপ্তরের এপ্রিল ০৭, ২০২১ তারিখের ২৪.০১.০০০০.০০৬.৮৫.০০২.১৯-২৯ নম্বর (কপি সংযুক্ত) স্মারকের সূত্রে ২০১৪-১৫ অর্থবছর থেকে ২০১৯-২০ অর্থবছর সময়কালে সরকারি কোষাগারে আলোচ্য খাতে জমাকৃত অর্থের বিপরীতে চালানের কপি একটি ফরোয়ার্ডিং পত্রের মাধ্যমে পাট অধিদপ্তরকে জরুরী ভিত্তিতে সরবরাহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

স্মারক নম্বর-২৪.০১.০০০০.০০৬.৮৫.০০২.১৯- ২৬

তারিখ: ২৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
০৭ এপ্রিল,২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়:** বিদেশে পাট ও পাটপণ্য রপ্তানীর ক্ষেত্রে আহরিত সরকারী রাজস্ব ফি আদায়ের চালান পাট অধিদপ্তরে আবশ্যিকভাবে দাখিল।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারের রাজস্ব আদায়ের কোড "৬৫ কর ব্যতীত বিবিধ প্রাপ্তি" এর অধীনে পাট ও পাটপণ্য পরিদর্শন ফি নির্ধারিত ১-৪১৩৫-০০০১-২০১৫ কোডে জমা প্রদান পূর্বক চালানের কপি নিয়মিত ও আবশ্যিকভাবে পাট অধিদপ্তরে প্রেরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক তফসিলি ব্যাংকসমূহের প্রতি নির্দেশনা রয়েছে। কিন্তু প্রতিয়মান হচ্ছে যে, এ নির্দেশনা যথাযথভাবে অনুসৃত হচ্ছে না এবং রাজস্ব আদায়ের চালান পাট অধিদপ্তরে যথারীতি পাওয়া যাচ্ছে না।

০২। এমতাবস্থায়, কাঁচাপাট ও পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে "৬৫ কর ব্যতীত বিবিধ প্রাপ্তি" এর অধীন পরিদর্শন ফি বাবদ নির্ধারিত কোড ১-৪১৩৫-০০০১-২০১৫ এ জমাকৃত চালানের কপি পাট অধিদপ্তরে **নিয়মিতভাবে** প্রেরণের জন্য তফসিলি ব্যাংকসমূহকে পুনরায় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল।

০৭.০৪.২১
(হোসেন আলী খোন্দকার)
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
ফোন: ৯৫৬১৫৪৬।

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর-২৪.০১.০০০০.০০৬.৮৫.০০২.১৯- ২৬

তারিখ: ২৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
০৭ এপ্রিল,২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ব্যাংকিং বিভাগ, অর্থ মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অফিস কপি।

০৭/০৪/২০২১
(এস, এম, আরশাদ ইমাম)
(যুগ্ম সচিব)
পরিচালক (পাট)
ফোন: ৯৫৫৩৮৪৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

তারিখ: ২৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ / ০৭ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর-২৪.০১.০০০০.০০৬.৮৫.০০২.১৯ - ২৯

বিষয়: **কাঁচাপাট ও পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে ২০১৪-১৫ অর্থবছর হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত বিগত ০৬ (ছয়) বছরে তফসিলি ব্যাংক কর্তৃক পরিদর্শন ফি বাবদ ১-৪১৩৫-০০০১-২০১৫ কোডের বিপরীতে সরকারি কোষাগারে জমাকৃত অর্থের চালানের কপি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কাঁচাপাট রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী দলিল হস্তান্তরকালে (Docoument negotiation) ব্যাংক কর্তনকৃত রাজস্ব ফি আদায়ের তথ্য ও সংশ্লিষ্ট চালান তফসিলি ব্যাংক কর্তৃক পাট অধিদপ্তরে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু তফসিলি ব্যাংক কর্তৃক তা নিয়মিতভাবে পাট অধিদপ্তরের প্রেরণ করা হচ্ছে না। তাছাড়া উক্ত ফি সংক্রান্ত অডিট আপত্তিও রয়েছে, যা নিষ্পত্তি করা প্রয়োজন। উল্লেখ্য, ২০১৪-১৫ অর্থ বছর হতে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত এ খাতে কত টাকা জমা হয়েছে তার কোনপ্রমাণক এ অফিসে না থাকায় অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। এ লক্ষ্যে ২০১৪-১৫ অর্থবছর হতে ২০১৯-২০ অর্থ বছর পর্যন্ত সময়ের রাজস্ব ফি আদায় এবং জমার চালান (১-৪১৩৫-০০০১-২০১৫ কোডের অনুকূলে প্রদত্ত/জমাকৃত) পাট অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, কাঁচাপাট ও পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে ২০১৪-১৫ অর্থবছর হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত বিগত ০৬ (ছয়) বছরে তফসিলি ব্যাংক কর্তৃক পরিদর্শন ফি বাবদ ১-৪১৩৫-০০০১-২০১৫ কোডের মাধ্যমে সরকারি কোষাগারে জমাকৃত অর্থের চালানের কপি বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে পাট অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

০৭.০৪.২১

(হোসেন আলী খোন্দকার)
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
ফোন: ৯৫৬১৫৪৬।

গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ব্যাংকিং বিভাগ, অর্থ মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অফিস কপি।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

----

এফ, ই, সার্কুলার নং- ১৯

তারিখঃ ২২ আষাঢ়, ১৪০২ । ০৬ জুলাই, ১৯৯৫

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

বিদেশে পাট ও পাটপণ্য রপ্তানীর ক্ষেত্রে সরকারী
রাজস্ব খাতে ফি আদায় প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ব্যাংকিং বিভাগ হইতে প্রাপ্ত ০১ জুলাই, ১৯৯৫ তারিখের নং-অম/ব্যাবি/ব্যাঃ নী-৭/কাঁচাপাট-১৬/৯৫/১৯৭ পত্রটির বিষয়বস্তু অবগতি ও তদনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহনের নিমিত্তে অপর পৃষ্ঠায় পুনঃ মুদ্রিত হইল ।

০২। সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে অবহিত করিবার জন্যও অনুমোদিত ডিলারগণকে অনুরোধ জানানো যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

( এ, টি, এম, নাসিরউদ্দিন )
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ২৩ ৪৯ ৬৮

"অত্যন্ত জরুরী"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংকিং বিভাগ
ব্যাংকিং নীতি অনুবিভাগ
শাখা-৭

নং-অম/ব্যাবি/ব্যাঃ নী-৭/কাঁচাপা-১৬/১৫/১৯৭

তারিখঃ ১৭/০৩/১৪০২ বাং
০১/০৭/১৯৯৫ ইং।

প্রেরক ঃ- মোহাম্মদ আবুল কালাম
সহকারী সচিব।

প্রাপকঃ- গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয়ঃ- বিদেশে পাট ও পাটপণ্য রপ্তানীর ক্ষেত্রে সরকারী রাজস্ব খাতে ফি আদায় প্রসংগে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাইতেছি যে, সম্প্রতি পাট মন্ত্রণালয় কর্তৃক কাঁচাপাট রপ্তানীর ক্ষেত্রে বেলপ্রতি ২.০০ টাকা হারে এবং পাটপণ্য রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী মূল্যের প্রতি ১০০.০০ টাকায় ০.১০ টাকা হারে রাজস্ব ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। উক্ত ফি রপ্তানী দলিল হস্তান্তর (Document negotiation) এর সময়ে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক কর্তন পূর্বক সরকারী রাজস্ব খাতে (৬৫-কর ব্যতীত বিবিধ প্রাপ্তি এর অধীন পাট ও পাটপণ্য পরিদর্শন ফি) জমা করিতে হইবে। উল্লেখ্য যে, উক্ত সিদ্ধান্ত ১লা জুলাই, ১৯৯৫ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত কার্যকর করিবার লক্ষ্যে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করিতেছি।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/-
০১/৭/৯৫
(মোহাম্মদ আবুল কালাম)
সহকারী সচিব
ফোনঃ ২৪ ৪৬ ৫০